রাত পোহালেই ভোট : কানাইঘাটে নৌকার প্রার্থীর রাতেই ভর্তি ব্যালট বাক্স!

বদরুল আলম, কানাইঘাট থেকে: ইউনিয়ন পরিষদ নির্বাচনে ধাপে ধাপে সহিংসতার মাত্রা বেড়েই চলছে। চতুর্থ দফায় এসে ‘নৌকা’ মার্কাকে বিজয়ী করতে ভোট ডাকাতি ভয়ংকর রূপ লাভ করেছে। কেন্দ্র দখল, ব্যালট পেপার ছিনতাই, দুই পক্ষের মধ্যে গোলাগুলি, আগের রাতে নৌকা মার্কায় সিল মারাসহ সকল ধরনের অরাজকতা সৃষ্টি করেছে ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা।

রাত পোহালেই বুধবার (৫ জানুয়ারী) অনুষ্ঠিত চতুর্থ ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে সিলেটের কানাইঘাট উপজেলার বাণীগ্রাম ইউনিয়ন পরিষদের নির্বাচনে সরকার দলের নৌকা মার্কার প্রার্থী, কানাইঘাট উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি মাসুদ আহমদ ও তার সমর্থকরা আগের রাতে কেন্দ্র দখল করে ভোটের বাক্স ভর্তি করে রাখার অভিযোগ উঠেছে। গতরাতে এমন অভিযোগ শুনে সরেজমিনে এ প্রতিবেদক বিভিন্ন কেন্দ্রে গিয়ে এমন অভিযোগের সত্যতা পান। রাত ৮ টার দিকে বড়দেশ উচ্চ বিদ্যালয় কেন্দ্রের সামনে গেলে দেখা যায়, নৌকা মার্কার সমর্থকেরা কেন্দ্রটি ঘিরে রেখেছেন ও কয়েকজন প্রিজাইডিং অফিসারের রুমে গিয়ে অফিসারকে জিম্মি করে ব্যালট বাক্স ছিনতাই করে নৌকা মার্কায় সীল মারছেন।
স্থানীয় কয়েকজনের সাথে আলাপ করলে নাম প্রকাশ না করার শর্তে তারা বলেন, মাগরিব পর থেকেই কেন্দ্রটি নৌকা মার্কার প্রার্থী মাসুদ আহমদ সমর্থকদের দখলে রয়েছে। এ কেন্দ্র দখলের নেতৃত্ব দিচ্ছেন উপজেলা যুবলীগ নেতা সুলতান আহমদ।
রাত ৯ টার দিকে সর্দারমাটি স্কুল কেন্দ্রে গেলে এমন দৃশ্যই চোখে পড়ে। এ কেন্দ্রের দখলে রয়েছেন জেলা ছাত্রলীগ নেতা সারওয়ার হোসাইন। এখানে সাংবাদিক আসছে শুনেই ধাওয়া করেন নৌকা মার্কার সমর্থকেরা।দৌড়ে কোনমতে নিজেকে রক্ষা করেন এ প্রতিবেদক। সাধারণ মানুষের সাথে আলাপ করলে তারা জানায়, জোর করে নির্বাচনে সরকার দলের প্রার্থী মাসুদ আহমদ জয়লাভ করতে পারবেন না। প্রতিটি ভোট কেন্দ্র তারা দখলে নিতে পারবে না, আমরা সাধারণ জনগণ সোচ্চার রয়েছি। সকালে ভোট কেন্দ্রে সাধারণ ভোটার অবশ্যই তার দাঁতভাঙ্গা জবাব দিবে।